# আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬ : ৫৫

## আরবি মূল আয়াত:

فَشَٰرِبُونَ شُرۡبَ الۡهِيمِ ﴿٥٥﴾

## অনুবাদসমূহ:

অতঃপর তোমরা তা পান করবে তৃষ্ণাতুর উটের ন্যায়। — আল-বায়ান

আর তা পান করবে পিপাসা-কাতর উটের মত — তাইসিরুল

পান করবে তৃষ্ণার্ত উষ্ট্রের ন্যায়। — মুজিবুর রহমান

And will drink as the drinking of thirsty camels. — Sahih International

### ৫৫. অতঃপর পান করবে তৃষ্ণার্ত উটের ন্যায়।

-

তাফসীরে জাকারিয়া

### (৫৫) পান করবে পিপাসার্ত উটের ন্যায়। [1]

[1] هِيْمٌ হল أَهْيَمٌএর বহুবচন। সেই পিপাসিত উটদেরকে বলা হয়, যারা বিশেষ এক রোগের কারণে পানির উপর পানি পান করেই যায়, কিন্তু তাদের পিপাসার নিবৃত্তি হয় না। অর্থাৎ, যাক্কুম খাওয়ার পর পানিও ঐভাবে পান করবে না, যেভাবে সাধারণতঃ পান করা হয়। বরং প্রথমতঃ শাস্তি স্বরূপ তোমরা ফুটন্ত পানিই পাবে। দ্বিতীয়তঃ তোমরা সে পানিকে পিপাসার্ত উটের মত পান করেই যাবে; কিন্তু তোমাদের পিপাসা নিবৃত্ত হবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5034

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন